



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তির আবেদন গ্রহণ শুরু

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৭ অক্টোবর ২০২২।

জিএসটি গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তির আবেদন গ্রহণ শুরু হয়েছে। ১৭ অক্টোবর ২০২২ তারিখ দুপুর ১২ ঘটিকায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় ভর্তি সংশ্লিষ্ট সকলে উপস্থিত ছিলেন। ১৭ অক্টোবর দুপুর ১২টা থেকে শুরু হয়ে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি আবেদন গ্রহণ করা হবে আগামী ২৭ অক্টোবর রাত ১১:৫৯ পর্যন্ত। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট bu.ac.bd তে ভর্তির আবেদন প্রক্রিয়ার বিষয়ে দিক নির্দেশনামূলক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে, যাতে গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষা ২০২১-২০২২ এর উত্তীর্ণ শিক্ষার্থীরা অনলাইনে আবেদন পদ্ধতি এবং বিভিন্ন অনুষদ ও বিভাগসমূহের জন্য আরোপিত শর্তসমূহ বিস্তারিত ভাবে জানতে পারবেন। এছাড়াও admission.bu.ac.bd অথবা জিএসটি ওয়েবসাইট gstadmission.ac.bd ওয়েবসাইটে গিয়ে ভর্তিচ্ছুরা ভর্তি সংক্রান্ত আবেদন সম্পন্ন করতে পারবেন। গুচ্ছভুক্ত প্রতিটি বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদন ফি ৫০০ টাকা নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, বরিশাল বিশ্ববিদ্যালয়ে ৬টি অনুষদের অধীনে ২৪টি বিভাগে আসন সংখ্যা ১৪৪০ থেকে বাড়িয়ে ১৪৯০ করা হয়েছে। এরমধ্যে বিজ্ঞান ও প্রকৌশল এবং জীববিজ্ঞান অনুষদে আসন সংখ্যা ৬০০টি। সামাজিক বিজ্ঞান, কলা ও মানবিক এবং আইন অনুষদে আসন সংখ্যা ৫৯০টি এবং ব্যবসা শিক্ষা অনুষদে আসন রয়েছে ৩০০টি। এছাড়াও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তিতে জিপিএর উপরে পূর্বের ন্যায় এবারও কোনও মার্কস থাকছে না।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়